



হুতিদের সামরিক স্থাপনায় ইয়েমেনি বাহিনীর বিমান হামলা



ছবি: সংগৃহীত

ইয়েমেনের তাইজ প্রদেশে হুতিদের সামরিক অবস্থান ও স্থাপনা লক্ষ্য করে ২০টি বিমান হামলা চালানোর দাবি করেছে দেশটির সেনাবাহিনী। শুক্রবার (২ অক্টোবর) ইয়েমেনি সশস্ত্র বাহিনীর মুখপাত্র জানান, হুতিদের সামরিক সমাবেশ, যানবাহন, সরঞ্জাম ও রসদকেন্দ্র লক্ষ্য করে এসব হামলা চালানো হয়। এর আগে রাজধানী সানা, সা'দা ও তাইজে হুতিদের বিভিন্ন অবস্থানেও হামলা চালানো হয় বলে জানিয়েছিল ইয়েমেনি সেনাবাহিনী। তাদের দাবি, সানায় একটি গুরুত্বপূর্ণ লক্ষ্যবস্তু এবং সা'দায় ১১টি অবস্থানে হামলা চালানো হয়েছে। তাইজে হুতিদের একটি সমন্বিত সামরিক ব্যবস্থায় ২৭টি বিমান হামলার কথাও জানানো হয়। এদিকে এর কয়েক ঘণ্টা আগে সৌদি আরবের মদিনায় একটি বিদ্যুৎ বিতরণকেন্দ্রে ড্রোন হামলার ঘটনা ঘটে। সৌদি নেতৃত্বাধীন জোটের দাবি, হুতিদের ড্রোন হামলায় মসজিদে নববীতে বিদ্যুৎ সরবরাহকারী স্থাপনাটি ক্ষতিগ্রস্ত হয়েছে। জোটের মুখপাত্র মেজর জেনারেল তুর্কি আল-মালিকি বলেন, ২৯ সেপ্টেম্বরের ওই হামলার সঙ্গে হুতিদের সংশ্লিষ্টতার প্রমাণ পাওয়া গেছে।

ইরান-সমর্থিত হুতিরা ইয়েমেনের রাজধানী সানা ও লোহিত সাগর উপকূলের বিস্তীর্ণ এলাকা নিয়ন্ত্রণ করে। ২০১৫ সালে ইয়েমেনের গৃহযুদ্ধে সৌদি নেতৃত্বাধীন হস্তক্ষেপের পর থেকে সৌদি ভূখণ্ডে ড্রোন ও ক্ষেপণাস্ত্র হামলা চালিয়ে আসছে গোষ্ঠীটি।